এক ব্যক্তি নবী সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম-কে জিজ্ঞাসা করল এমতাবস্থায় যে, তিনি (সওয়ারীর উপর আরোহণ করার জন্য) পাদানে পা রেখে দিয়েছিলেন, ‘কোন্ জিহাদ সর্বশ্রেষ্ঠ?’ তিনি বললেন, “অত্যাচারী বাদশাহর সামনে হক কথা বলা।”

তারিক ইবনে শিহাব বাজালী আহমাসী রাদিয়াল্লাহু ‘আনহু কর্তৃক বর্ণিত, এক ব্যক্তি নবী সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম-কে জিজ্ঞাসা করল এমতাবস্থায় যে, তিনি (সওয়ারীর উপর আরোহণ করার জন্য) পাদানে পা রেখে দিয়েছিলেন, ‘কোন্ জিহাদ সর্বশ্রেষ্ঠ?’ তিনি বললেন, “অত্যাচারী বাদশাহর সামনে হক কথা বলা।”
[সহীহ] [এটি নাসাঈ বর্ণনা করেছেন। - এটি আহমাদ বর্ণনা করেছেন।]

এ ব্যক্তি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে জিজ্ঞাসা করলেন যখন তিনি সফরের জন্য প্রস্তুত হলেন। ‘কোন্ জিহাদ সাওয়াবের দিক দিয়ে সর্বশ্রেষ্ঠ?’ রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকে সর্বোত্তম জিহাদ সম্পর্কে সংবাদ দেন যে, অত্যাচারী বাদশাহকে ভালো কাজের আদেশ দেওয়া অথবা মন্দ কর্ম হতে বারণ করা। সুতরাং, জিহাদ কাফেরদের সাথে মারামারি করাতে সীমাবদ্ধ নয়। বরং তার বিভিন্ন স্তর আছে। উল্লিখিত কর্মটিতে সাওয়াব বেশি। কারণ, বাদশাহর অত্যাচারের কারণে এতে নিহত হওয়া বা বন্দী হওয়ার আশঙ্কা রয়েছে এবং এরূপ কথা বলার লোক অনেক কম।

http://www.sunnah.global/hadeeth/bn/show/3485